

বারাসাত সরকারি মহাবিদ্যালয়

স্নাতকস্তরে কলা এবং বিজ্ঞান বিভাগে আবেদনকারী শিক্ষার্থীদের WISH LIST তালিকার বিষয়ে বিজ্ঞপ্তি

স্নাতকস্তরে কলা ও বিজ্ঞান বিষয়ের বিভিন্ন বিভাগে ভর্তির জন্য সকল আবেদনকারীদের অনুরোধ করা হচ্ছে তারা যেন বাইরের কোনো ব্যক্তির দ্বারা কোনোভাবে প্ররোচিত না হয় কারণ অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ কম্পিউটারাইজড পদ্ধতিতে নিয়ন্ত্রিত। কারো ব্যক্তিগত হস্তক্ষেপ এই প্রক্রিয়া নিয়ন্ত্রণ করতে পারে না।

স্নাতকস্তরে প্রথম বর্ষে অনার্স ও জেনারেল কোর্সে কলা ও বিজ্ঞান বিভাগের বিভিন্ন বিষয়ের শূন্যস্থান দ্রুত পূরণ করার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ভর্তি প্রক্রিয়ার পরবর্তী পর্যায়ে আবেদনকারীরা তাদের পছন্দের বিষয়ে ভর্তির ইচ্ছা প্রকাশের জন্য নাম নিবন্ধন(রেজিস্ট্রেশন) করতে পারবে। ইচ্ছুক প্রার্থীদের এই তালিকাটি এখন থেকে “WISHLIST” হিসাবে অভিহিত হবে। এই পর্যায়ে ভর্তি ঐ WISHLIST - এর প্রেক্ষিতে প্রস্তুতকৃত মেধা তালিকার উপর ভিত্তি করে করা হবে।

WISH LIST নিম্নলিখিত পদ্ধতি অনুযায়ী প্রস্তুত করা হবে।

- ❖ কলা এবং বিজ্ঞান বিভাগের বিভিন্ন বিষয়ে প্রতীক্ষিত তালিকাভুক্ত (Waiting list) আবেদনকারী দের নাম ভর্তি বিষয়ে তাদের ইচ্ছা (Wish) নিবন্ধনের জন্য ১২.০৯.২০২১ তারিখে আমাদের ওয়েবসাইট (bgc.ac.in) প্রকাশিত হবে।
- ❖ ওয়েবসাইট ১২.০৯.২০২১ থেকে ১৩.০৯.২০২১ রাত্রি ১১.৫৯ মিনিট পর্যন্ত ভর্তিতে আগ্রহ দেখানোর জন্য (তালিকাভুক্ত যোগ্য আবেদনকারীদের দ্বারা) খোলা থাকবে। যোগ্য প্রার্থীরা আবেদনকারীদের পোর্টালে লগ ইন করতে পারে এবং নির্দিষ্ট কোর্সে ভর্তির জন্য তাদের ইচ্ছা (wish) নিবন্ধন করতে পারে।
- ❖ এরপর মেধাগত অবস্থান/প্রাপ্য নম্বর অনুযায়ী প্রস্তুত মেধা তালিকা ১৪.০৯.২০২১ তারিখে (চতুর্থ ভর্তি তালিকার ১ম পর্যায় / WISHLIST অনুযায়ী প্রথম তালিকা) প্রকাশিত হবে।
- ❖ WISHLIST অনুযায়ী ভর্তির প্রথম তালিকা ১৪.০৯.২০২১ তারিখে (বিকাল ৪.০০ টার পরে) প্রকাশিত হবে।
- ❖ ভর্তি ফি প্রদানের পোর্টাল ১৬.০৯.২০২১ থেকে ১৮.০৯.২০২১ রাত ১২ টা পর্যন্ত খোলা থাকবে।
- ❖ প্রয়োজন হলে, এই WISHLIST পর্যায়ের দ্বিতীয় ভর্তি তালিকা (প্রথম পর্যায়ের ৫ম ভর্তি তালিকার সম তুল্য) ২১.০৯.২০২১ তারিখে প্রকাশ করা হবে এবং এই ক্ষেত্রে, ফি প্রদানের পোর্টাল ২১.০৯.২০২১ থেকে ২৩.০৯.২০২১ রাত ১২ টা পর্যন্ত খোলা থাকবে।

মেধা তালিকায় থাকা সকল আবেদনকারীকে এই সময়ের মধ্যে নির্দিষ্ট দিন অনুযায়ী ওয়েবসাইটে ভর্তির প্রক্রিয়া সতর্কভাবে অনুসরণ করার জন্য বলা হচ্ছে। ভর্তি ফি প্রদানের জন্য মেসেজ নিবন্ধিত মোবাইল নম্বরে পাঠানো হবে। ভর্তি তালিকায় নির্বাচিত প্রার্থীদের ইমেইল আইডিতে একটি ই-মেইলও পাঠানো হতে পারে।

উপরের প্রক্রিয়াটি শুধুমাত্র অনিবার্য পরিস্থিতিতে পরিবর্তিত হতে পারে যা সময়মত জানানো হবে। যে কোনো প্রযুক্তিগত প্রশ্নের জন্য ৭০০৩০১৯৬৪৬ নম্বরে যোগাযোগ করুন অথবা online.admission@yahoo.com এ মেইল করুন (সকাল ১১ টা থেকে বিকেল ৫ টার মধ্যে) এবং /অথবা, শিক্ষার্থীদের লগ ইন পোর্টাল (২৪x৭ হেল্প ডেস্ক) অথবা ugadmission@bgc.ac.in এ মেইলের মাধ্যমে আপনাদের প্রশ্ন জমা করুন।

আমরা (কলেজের অনুষদ সদস্য এবং কর্মচারীরা) এই প্রতিষ্ঠানে কোভিড ১৯ -এর ঝুঁকি কমাতে সর্বদা জনস্বাস্থ্য সশঙ্কীয় বিধি কঠোরভাবে অনুসরণ করছি।